গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## উপজেলা শিশুকল্যাণ বোর্ডের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : **শরীফ শাওন**<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | সকাল ১২.১৫ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ৩১/০৩/২০২৬খ্রি. |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

## সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয় । আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিব উপজেলা সমাজকল্যাণ কমিটিকে অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভায় জানান যে, শিশু আইন ২০১৩ এর ০৯ নং অনুচ্ছেদে উপজেলা শিশু কল্যাণ বোর্ড ও উহার কার্যাবলি বর্ণিত রয়েছে এবং অত্র উপজেলায় সেটির আলোকে পুর্নাংগ কমিটি গঠিত হয়েছে। বিধি মোতাবেক নিয়মিত উপজেলা শিশু কল্যাণ বোর্ডের সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের আবশ্যিকতা রয়েছে। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার ও প্রবেশন কর্মকর্তা সভায় জানান, উপজেলায় প্রবেশন সংক্রান্ত ১৬ টি মামলা চলমান রয়েছে। বিজ্ঞ আদালতের নির্দেশে নিয়মিত ফলোআপ ও মনিটরিং প্রতিবেদন প্রেরণ করা হয়। ইতোমধ্যে একাধিক মামলা চূড়ান্ত নিস্পত্তির পর্যায়ে রয়েছে। তবে কয়েকটি প্রবেশন আদেশের নথিতে মামলার আসামীদের সাথে যোগাযোগের কোন ফোন/মোবাইল নম্বর উল্লেখ থাকে না ফলে তাঁদের খুজে পেতে স্থানীয় ইউপি চেয়ারম্যান/ মেম্বরদের সহায়তা গ্রহণ ছাড়া উপায় থাকেনা। কিন্ত যেগুলোতে ফোন নম্বর উল্লেখ থাকে সেসব প্রবেশনারদের যোগাযোগ ও মনিটরিং সহজ হয়। | প্রবেশনারদের নিয়মিত ফলোআপ এবং মনিটরিং প্রতিবেদন প্রেরণ নিশ্চিত কল্পে স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তা গ্রহণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br><br>০২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০২ | সভায় সদস্য সচিব জানান যে, শিশুদের সুরক্ষায় দেশব্যাপী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদফতরের অধীনে ইউনিসেফের সহায়তায় চাইল্ড হেল্পলাইন **১০৯৮** চালু হয়েছে। দেশের যেকোনো প্রান্তের কোনো শিশু কোনো ধরনের সহিংসতা, নির্যাতন ও শোষনের শিকার হলে শিশু নিজে অথবা অন্য যে কোন ব্যক্তি বিনামূল্যে **১০৯৮ হেল্পলাইনে** ফোন করে সহায়তা চাইতে পারবেন ।<br>○ শিশু নির্যাতন, শিশু পাচার, বাল্যবিবাহ রোধ করতে এবং শিশুদের আইনি সেবা দিতে **১০৯৮** হেল্পলাইন সাহায্য করে;<br>○ **১০৯৮** হেল্পলাইন টেলিফোন পরিসেবার মাধ্যমে শিশুর জরুরী সেবা/ঝুকিপূর্ণ অবস্থা থেকে শিশুকে উদ্ধার ছাড়াও টেলিফোনে কাউন্সিলিং সেবা দিয়ে থাকে;<br>○ নিরাপদ আশ্রয়, পুর্নবাসন ও নেটওয়ার্কের আওতাভুক্তকরনের মাধ্যমে শিশুদেরকে সমাজে বিদ্যমান সামাজিক সুরক্ষার সঙ্গে যোগাযোগ স্থাপনে সহায়তা করে। | শিশু নির্যাতন, শিশু পাচার, বাল্যবিবাহ রোধ সহ জরুরি পরিসেবায় ১০৯৮ হেল্পলাইন নম্বরে ফোন করে সহায়তার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | সভায় শিশুকল্যাণ বোর্ডের সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার জানান অত্র উপজেলায় বে-সরকারি নিবন্ধিত এতিমখানায় অনেক দুঃস্থ, অসহায় ও দরিদ্র শিক্ষার্থী পড়াশোনা করেন। পিতা মাতার দারিদ্র্যতা, শিক্ষা বিষয়ে উদাসীনতা অনেক ক্ষেত্রে এসব শিক্ষার্থীদের ঝড়ে পড়ার ঝুঁকি তৈরি করেছিলো সেখানে নিবন্ধিত এতিমখানায় সরকারি | দারিদ্রতা, নৈতিক অবক্ষয় সহ বিবিধ সামাজিক ঝুঁকির সম্ভাবনা রয়েছে এমন শিশুদের শিক্ষাজীবন যাতে বিঘ্নিত না হয় সেক্ষেত্রে নিবন্ধিত বেসরকারি এতিমখানায় ভর্তিকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট | ০১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, সদরপুর ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | ক্যাপিটেশন গ্র্যান্টের অর্থে ভরণ-পোষণ, চিকিৎসা ও শিক্ষার মত মৌলিক প্রয়োজনগুলো সরকারের অর্থায়নে বেসরকারি ব্যবস্থাপনায় প্রতিপালিত হচ্ছে এবং ফলে বহু দরিদ্র শিক্ষার্থী প্রাথমিক শিক্ষার সুযোগ লাভ করছেন। মূলত নৈতিক অবক্ষয় ও বিবিধ সামাজিক ঝুঁকির মাঝে এসব শিক্ষার্থীগণকে শিশু আইন-২০১৩ এর ৮৯ অনুচ্ছেদে বর্ণিত সুবিধাবঞ্চিত শিশু হিসেবে অভিহিত করা যেতে পারে। যেহেতু সরকার 'বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০২৪' এর তফসিলে শিশু আইনের সুবিধাবঞ্চিত শিশুদের অনুকূলে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টনের বিধান রেখেছে সেহেতু সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়রগণ সুবিধাবঞ্চিত সনদ প্রদান করবেন মর্মে উক্ত নীতিমালায় বিধান রাখা হয়েছে। অত্র উপজেলায় শিক্ষা লাভের ক্ষেত্রে ঝড়ে পড়ার ঝুঁকি সহ, দারিদ্র ও অন্যান্য যেসব কারণে একজন শিশু "সুবিধাবঞ্চিত" ক্যাটাগরিতে পড়তে পারে সেগুলো বিশদভাবে যাচাই-বাছাই পূর্বক সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অবহিত করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জনপ্রতিনিধি কর্তৃক বিধি মোতাবেক সুবিধাবঞ্চিত সনদ প্রদান ও ভরণ-পোষণ ও পাঠদান অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(শরীফ শাওন)
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর ফরিদপুর।
ও
সভাপতি
"উপজেলা শিশু কল্যাণ বোর্ড"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৬- ১২০

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
২। জেলা প্রশাসক, ফরিদপুর।
৩। বিজ্ঞ বিচারক, নারী ও শিশু আদালত, ফরিদপুর।
৪। পুলিশ সুপার, ফরিদপুর।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৭। বিজ্ঞ প্রবেশন অফিসার, ফরিদপুর।
৮। অফিসার ইন-চার্জ, সদরপুর থানা, ফরিদপুর।
৯। জনাব/জনাবা........................................সদরপুর, ফরিদপুর।
১০। অফিস কপি।

(কাজী শামীম আহমেদ)
উপজেলা সমাজসেবা অফিসার
সদরপুর, ফরিদপুর।
ও
সদস্য সচিব
"উপজেলা শিশু কল্যাণ বোর্ড"